Division of Labor Standards
1220 Washington Ave.
Building 12, Room 185B
Albany, NY 12226

NEW YORK STATE | Department of Labor
WORKING FOR YOU

# দাবি দায়ের করার বিষয়ে তথ্য

লেবার স্ট্যান্ডার্ডে আপনার দাবি দায়ের করা উচিত কিনা তা জানতে এটি ভালো করে পড়ুন। পাওনা পারিশ্রমিক, অবৈধভাবে টাকা কেটে নেওয়া, পারিশ্রমিক পরিপূরক, ন্যূনতম পারিশ্রমিক, ওভারটাইম, খাবারের সময় না পাওয়া ইত্যাদি দাবি করার জন্য LS 223 সম্পূর্ণ করুন।

- **যদি আপনি:**
  - ক্ষেতের শ্রমিক হন, অনুগ্রহ করে অভিযোগ করতে ফর্ম LS 710 ব্যবহার করুন
  - বেতনের ইতিহাসের অভিযোগ দায়ের করতে চান, অনুগ্রহ করে ফর্ম LS 608.1 ব্যবহার করুন
  - সমান বেতন সংক্রান্ত অভিযোগ দায়ের করতে চান, অনুগ্রহ করে ফর্ম LS 608.2 ব্যবহার করুন

LS 223 ইংরেজি ছাড়া অন্যান্য ভাষাতেও উপলব্ধ। New York রাজ্যে কর্মরত যে কোনও ব্যক্তি নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্টে (New York State Department of Labor) অভিযোগ পাঠাতে পারেন। যদি এখানে দেওয়া তথ্যগুলি আপনার প্রশ্নের সমাধান না করে তবে (888) 469-7365-এ কল করুন।

আপনার সম্পূর্ণ করা ফর্মটি উপরে দেওয়া ঠিকানায় ফেরত পাঠান।

**লেবার স্ট্যান্ডার্ড পাওনা পারিশ্রমিক ও অন্যান্য কর্মসংস্থান সম্পর্কিত বিভিন্ন ধরণের দাবি এবং অভিযোগ গ্রহণ করে। উদাহরণস্বরূপ, আপনি:**

- **পাওনা পারিশ্রমিকের দাবি করতে পারেন যদি:**
  - আপনার নিয়োগকর্তা পুরো সময় কাজ করার জন্য আপনাকে বেতন না দিয়ে থাকে (কাজের প্রশিক্ষণ সহ)
  - "পর্যাপ্ত ফান্ড নাই" (NSF) এর কারণে আপনার পে-চেক বাউন্স হয়ে থাকে
  - আপনি আপনার সব টিপ না পেয়ে থাকেন
  - আগে থেকে কোনও নোটিশ না দিয়েই আপনার বেতন কম করে দেওয়া হয়
- **অবৈধ বাদ দেওয়ার দাবি করুন** যদি আপনার নিয়োগকর্তা:
  - আপনার বেতন থেকে পারিশ্রমিক কেটে থাকে
  - ক্ষতি পূরণের জন্য আপনার কাছ থেকে অর্থ নিয়ে থাকে
  - বেতনসহ পারিবারিক ছুটির অবদান বাবদ আপনার কাছ থেকে বেশি পরিমাণে অর্থ নিয়ে থাকে
- **পাওনা পারিশ্রমিক পরিপূরক দাবি করুন** যদি আপনার নিয়োগকর্তা আপনাকে প্রতিশ্রুতি (মৌখিকভাবে বা লিখিতভাবে) দিয়েও **উপার্জিত অর্থ** না দিয়ে থাকে:
  - অবকাশকালীন বেতন
  - ছুটির সময়কালীন বেতন
  - বোনাস

  যদি নিয়োগকর্তা কখনও পারিশ্রমিক পরিপূরক প্রদানের প্রতিশ্রুতি না দিয়ে থাকে, তবে আইন অনুযায়ী তাদের অর্থ দিতে হবে না।.
- **পাওনা পারিশ্রমিক পরিপূরক দাবি করুন** যদি আপনার নিয়োগকর্তার কাছ থেকে (রাজ্যের আইন অনুযায়ী) আপনার অর্থ পাওনা থাকে, অথচ **উপার্জিত অর্থ না দিয়ে থাকে:**
  - বেতনসহ অসুস্থতার ছুটি
  - সম মজুরি পরিপূরক সুবিধাগুলি
  - গৃহকর্মীদের জন্য সবেতন বিশ্রামের দিন

- **দাবি করুন–ন্যূনতম পারিশ্রমিক/অতিরিক্ত সময়ের বেতন** যদি আপনার নিয়োগকর্তা:
  - বর্তমান ন্যূনতম পারিশ্রমিক, ফাস্ট ফুড ন্যূনতম পারিশ্রমিক বা টিপ পাওয়া শ্রমিকের ন্যূনতম পারিশ্রমিকের তুলনায় আপনাকে কম অর্থ দিয়ে থাকে
  - এক সপ্তাহে 40 ঘন্টার চেয়ে বেশি কাজ করার জন্য ওভারটাইম না দিয়ে থাকে (বেশিরভাগ কর্মচারীদেরই 40 ঘন্টার চেয়ে বেশি কাজ করার জন্য সময় বাবদ বেতন এবং তাদের বেতনের হারের ½ দিতে হবে, তবে কিছু ব্যতিক্রম রয়েছে।)
- **ন্যূনতম পারিশ্রমিকের অতিরিক্তগুলি দাবি করুন** যদি:
  - আপনার নিজের ইউনিফর্ম পরিষ্কার করার জন্য আপনার নিয়োগকর্তার কাছে অতিরিক্ত অর্থ পাওনা থাকে
  - আপনার কল–ইন বেতন পাওনা থাকে
- আপনার অতিরিক্ত বেতন পাওনা থাকে কারণ আপনার কার্যদিবস শুরু থেকে শেষ অবধি 10 ঘন্টার চেয়ে বেশি সময় জুড়ে হয়
- **একটি পারিশ্রমিকবিহীন অভিযোগ দায়ের করুন** যদি আপনার নিয়োগকর্তা প্রয়োজনীয় খাবারের সময়কাল, বিশ্রামের দিন, পে স্টাব, বেতনের নোটিশ, সময়মতো বেতন প্রদান করতে ব্যর্থ হয়, বা লেবার আইনের সাথে সম্পর্কিত অভিযোগ করার জন্য আপনার বিরুদ্ধে নেতিবাচক ব্যবস্থা নেয়
- **আপনার দাবির পক্ষে সমর্থন করার জন্য তথ্য পাঠান** (যদি উপলব্ধ থাকে), যেমন কোনও লাভ নীতি, পে স্টাব, বাতিল চেক, স্বীকৃত নয় এমন চেক, সময়ের রেকর্ড ইত্যাদির কপি (আসল দস্তাবেজগুলি পাঠাবেন **না**।)

**আপনাকে অবশ্যই ভাগ 1 থেকে 3 এবং 9 থেকে 11 পর্যন্ত সম্পূর্ণ করতে হবে। এছাড়া নিম্নলিখিতগুলিও সম্পূর্ণ করুন:**

- পাওনা পারিশ্রমিক এবং/বা অবৈধ বাদ দেওয়া সম্পর্কিত দাবি, ভাগ 4
- বেতন ছাড়া অসুস্থতাজনিত ছুটি, ভাগ 5
- পারিশ্রমিক পরিপূরক সম্পর্কিত দাবি, ভাগ 6
- ন্যূনতম পারিশ্রমিক বা ওভারটাইম সম্পর্কিত দাবি, ভাগ 7
- পারিশ্রমিকবিহীন অভিযোগ, ভাগ 8

**আপনি দাবি দায়ের করার পরে,** 25-30 ব্যবসায়িক দিনের মধ্যে আমাদের কাছ থেকে আপনার কেস নম্বর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যযুক্ত একটি চিঠি পাবেন বলে আশা করতে পারেন। আপনার কেস নম্বরযুক্ত চিঠিটি আপনার কাছে রাখুন। যদি নিয়োগকর্তা আপনাকে পাওনা দিয়ে দেয় বা আপনি যদি আপনার ঠিকানা বা ফোন নম্বর পরিবর্তন করেন তবে তা তখনই আমাদের জানান।

**লেবার স্ট্যান্ডার্ড প্রতিটি দাবি মেনে নিতে পারবে না। লেবার স্ট্যান্ডার্ড দাবি গ্রহণ করবে না যদি:**

- আপনি New York রাজ্যের বাইরে কাজ করে থাকেন
- আপনি ছোট দাবি বা দেওয়ানী আদালতে আপনার পারিশ্রমিক আদায় করতে কোনও মামলা দায়ের করেন
- আপনি বিক্রয় থেকে কমিশন দাবি করেন।
- আপনি নিজস্ব ব্যবসায় ছিলেন বা পুরো স্বাধীন ঠিকাদার ছিলেন
- কোনও সরকারী সংস্থা, শহর, কাউন্টি বা নগর থেকে আপনার পারিশ্রমিক পাওনা থাকে
- আপনি পাওনা পারিশ্রমিক বা পরিপূরক অর্জনের তারিখ থেকে তিন বছরেরও বেশি সময় যাবৎ পারিশ্রমিক পাওয়া বাকি থাকে
- আপনি এমন পারিশ্রমিক বা সুবিধা দাবি করেন যা কোনও ইউনিয়নের অভিযোগ এবং সালিস প্রক্রিয়ার অধীন
- কোনও নিয়োগকারীর সুবিধাদির নীতি থাকে যা আপনাকে নির্দিষ্ট কারণে (যেমন, কোনও নোটিশ ছাড়াই চাকরি ছেড়ে দেওয়া) উপার্জিত সুবিধা পাওয়া থেকে বঞ্চিত রাখে
- পারিশ্রমিক পরিপূরক পাওনা থাকে তবে পাওনা হওয়ার পরে 30 দিন না হয়ে থাকে
- আপনি একজন নির্বাহী, প্রশাসনিক বা পেশাদার কর্মচারী হিসাবে কাজ করে থাকেন এবং প্রতি সপ্তাহে $900–এর বেশি উপার্জন করে থাকেন
- আপনি জনসাধারণের জন্য কাজ করে থাকেন (অভিযোগ দায়ের করার জন্য PW4 ব্যবহার করুন)

**লেবার স্ট্যান্ডার্ড বৈষম্য, পারিবারিক ছুটির সুবিধা প্রদান করতে ব্যর্থতা, কাজ সম্পর্কিত সুরক্ষাজনিত উদ্বেগ, বা অক্ষমতার দাবির বিষয়ে তদন্ত করে না। আপনার সহায়তা করতে পারে এমন অন্যান্য রাজ্য সংস্থাগুলির বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে (888) 469-7365–এ কল করুন।**